## এম.এড প্রথম সিমেস্টার পরীক্ষা, ২০২১

# ICT AND EDUCATIONAL DEVELOPMENT

**বিষয় কোড : 810305**

**পরীক্ষা কোড : 8772**

সময়—৩ ঘণ্টা

পূর্ণমান—৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ১নং প্রশ্নসহ যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিন। একই প্রশ্নের বিভিন্ন অংশের উত্তর পর পর লিখুন।]

নম্বর

১। সংক্ষেপে উত্তর লিখুন : ২×১০=২০

(ক) শিক্ষাক্ষেত্রে OER কী?

(খ) SDG কী?

(গ) মানসম্মত শিক্ষা (Quality Education) বলতে কী বুঝায়?

(ঘ) মেধাস্বত্ব (Intellectual property rights) কী?

(ঙ) প্লেজারিজম (Plagiarism) কী?

(চ) এন্টিভাইরাস কীভাবে কাজ করে?

(ছ) হ্যাকিং বলতে কী বুঝায়?

(জ) Digital Content বলতে কী বুঝায়?

(ঝ) একুশ শতকের আইসিটি শিক্ষকের চারটি দক্ষতা উল্লেখ করুন।

(ঞ) ব্লেন্ডেড লার্নিং এর প্রয়োজনীয়তা লিখুন।

২। (ক) তথ্য সাক্ষরতা (Information Literacy) এর ক্ষেত্রে আইসিটির পটভূমি তুলে ধরুন। ৪

(খ) বাংলাদেশের বিভিন্ন স্তরের শিক্ষাক্ষেত্রে আইসিটি শিক্ষার বর্তমান মর্যাদা (Current status) বিশ্লেষণ করুন। ৪

৩। (ক) শিখন-শেখানো কার্যাবলিতে মাইক্রোসফট অফিসের কোন কোন এ্যাপ্লিকেশন সফটওয়্যারগুলো ব্যবহার করা সুবিধাজনক—ব্যাখ্যা করুন। ৪

(খ) একটি মাইক্রোসফট পাওয়ার পয়েন্টের স্লাইডে ছবি ইনসার্ট করে সেই ছবি কীভাবে Crop করা যায় তা প্রবাহ চিত্রের সাহায্যে দেখান। ৪

৪। (ক) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে কীভাবে গুণগত মানসম্পন্ন শিক্ষার মাধ্যমে টেকসই উন্নয়ন (Sustainable development) নিশ্চিত করা যায়? ৪

(খ) ইন্টারনেট সংযোগের টপোলজিসমূহ সচিত্র বর্ণনা করুন। কোন ধরনের টপোলজির ব্যবহার আপনার বিদ্যালয়ের ল্যাবের জন্য সুবিধাজনক মনে করেন—যুক্তিসহ মতামত দিন। ৪

[পর পৃষ্ঠা দ্রষ্টব্য

৫। (ক) আপনার নিজ নামে একটি ই-মেইল একাউন্ট খোলার পদ্ধতি বর্ণনা করুন। ৪

(খ) আপনার ই-মেইল এ্যাড্রেস ব্যবহার করে অন্য একটি ই-মেইলে আপনার জীবন-বৃত্তান্তের একটি পিডিএফ ফাইল কীভাবে এ্যাটাচ করে প্রেরণ করবেন তা প্রবাহচিত্রের মাধ্যমে দেখান। ৪

৬। (ক) পেডাগজি ও টেকনোলজির সমন্বয়ে কম্পিউটার সহায়তাকেন্দ্রিক শিখনের ফলে শিক্ষকের ভূমিকা এবং দক্ষতা কীভাবে শিক্ষার্থীদের শিখন স্থায়িত্বের মাত্রা বৃদ্ধি করছে—পর্যালোচনা করুন। ৪

(খ) শিখনের টুল হিসেবে বিভিন্ন ধরনের গেম ও প্রোগ্রামিং শিখনে কীভাবে সহায়তা করছে তা বর্ণনা করুন। ৪

৭। (ক) আপনার পিসিতে গুগল থেকে ব্রাউজ করে একটি সফটওয়্যার ডাউনলোড করার প্রক্রিয়া বর্ণনা করুন। ৪

(খ) Facebook, IMO, EduLink, Twitter ইত্যাদি সামাজিক মাধ্যম ব্যবহারের সুবিধা-অসুবিধা বিশ্লেষণ করুন। ৪

৮। (ক) কম্পিউটারের নিরাপদ, নৈতিক এবং ঝুঁকিমুক্ত ব্যবহার বলতে কী বুঝায় বর্ণনা করুন। ৪

(খ) সাইবার অপরাধ কী? প্রচলিত পাঁচটি সাইবার অপরাধ সম্পর্কে সংক্ষেপে বর্ণনা করুন। ৪

এম.এড প্রথম সিমেস্টার পরীক্ষা, ২০২১

কারিকুলাম স্টাডিজ (আবশ্যিক)

বিষয় কোড : 810301

পরীক্ষা কোড : 8772

সময়—৩ ঘণ্টা

পূর্ণমান—৬০

[দ্রষ্টব্য: ডান পার্শ্বে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ১নং প্রশ্নসহ যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিন। একই প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে লিখতে হবে।]

নম্বর

১। নিম্নলিখিত প্রশ্নগুলোর সংক্ষিপ্ত উত্তর দিন: ২×১০=২০
(ক) যোগ্যতাভিত্তিক শিক্ষাক্রম কী?
(খ) আচরণিক উদ্দেশ্য কী?
(গ) কেন্দ্রীভূত ও বিকেন্দ্রীভূত শিক্ষাক্রমের চারটি পার্থক্য লিখুন।
(ঘ) শিক্ষাক্রম মূল্যায়নের চারটি মডেলের নাম লিখুন।
(ঙ) উত্তম পাঠ্যপুস্তকের চারটি বৈশিষ্ট্য লিখুন।
(চ) সহপাঠক্রমিক কার্যাবলি সংগঠনের উপায়গুলো লিখুন।
(ছ) বর্তমান প্রাথমিক শিক্ষাক্রমের চারটি উদ্দেশ্য লিখুন।
(জ) সমন্বিত ও লুক্কায়িত শিক্ষাক্রম কী?
(ঝ) শিক্ষাক্রম প্রণয়নের বিবেচ্য বিষয়গুলো কী কী?
(ঞ) একীভূত শিক্ষাক্রম কী?

২। (ক) শিক্ষাক্রম কী? ২
(খ) শিক্ষাক্রমের ধারণার কীভাবে বিকশিত হয়েছে—ব্যাখ্যা করুন। ৬

৩। (ক) শিক্ষাক্রম মূল্যায়ন বলতে কী বুঝায়? ২
(খ) শ্রেণিকক্ষে শিখন সামগ্রীর উপযোগিতা মূল্যায়নের গুরুত্ব বিশ্লেষণ করুন। ৬

৪। (ক) বিষয়বস্তু নির্বাচনের মূলনীতিগুলো ব্যাখ্যা করুন। ৩
(খ) চাহিদা নিরূপণ কী? বাস্তব অবস্থা বিশ্লেষণ ছাড়া চাহিদা নিরূপণ সম্ভব নয় কেন ব্যাখ্যা করুন। ৫

৫। (ক) বাংলাদেশের মাধ্যমিক শিক্ষাক্রম ২০১২-এর বৈশিষ্ট্য উল্লেখ করুন। ২
(খ) একবিংশ শতাব্দীর শিক্ষার চাহিদা মেটাতে এ শিক্ষাক্রমের ভূমিকা মূল্যায়ন করুন। ৬

৬। (ক) শিক্ষাক্রম উন্নয়নের চারটি মডেলের নাম লিখুন। ২
(খ) বাংলাদেশের শিক্ষাক্রম উন্নয়নে কোন মডেল প্রযোজ্য—ব্যাখ্যা করুন। ৬

৭। (ক) প্রান্তিক যোগ্যতা কী? ২
(খ) বাংলাদেশের প্রাথমিক স্তরের যোগ্যতাভিত্তিক শিক্ষাক্রমটি মূল্যায়ন করুন। ৬

৮। টীকা লিখুন (যে কোনো দুটি): ৪×২=৮
(ক) পাঠ্যবই ও শিক্ষাক্রম উন্নয়নে শিক্ষকের ভূমিকা
(খ) শিক্ষাক্রম ও পাঠ্যসূচি
(গ) হায়ার অর্ডার লার্নিং
(ঘ) শিক্ষাক্রম ম্যাপিং।

# এম. এড প্রথম সেমিস্টার পরীক্ষা, ২০২১

# CHILD AND ADOLESCENT PSYCHOLOGY

বিষয় কোড : 810327

পরীক্ষা কোড : 8772

সময়—৩ ঘণ্টা

পূর্ণমান—৬০

[দ্রষ্টব্য : ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ১নং প্রশ্নসহ যে কোনো **ছয়টি** প্রশ্নের উত্তর দিন। একই প্রশ্নের বিভিন্ন অংশের উত্তর পরপর লিখুন।]

নম্বর

১। নিচের প্রশ্নগুলোর সংক্ষিপ্ত উত্তর দিন : ২×১০=২০

(ক) বৃদ্ধি ও বিকাশের মধ্যে চারটি পার্থক্য উল্লেখ করুন।

(খ) J. Pikunas-এর মতানুযায়ী জীবন বিকাশের ধাপসমূহ লিখুন।

(গ) 'বিকাশ পূর্বোক্তিযোগ্য ধারা মেনে চলে'—এ উক্তি দ্বারা কী বোঝায়?

(ঘ) শিশুর জন্ম-পূর্ব বর্ধনে প্রভাব বিস্তারকারী বিষয়গুলো উল্লেখ করুন।

(ঙ) টেরাটোজেন কী?

(চ) Maladjustment বলতে কী বোঝায়?

(ছ) পেশাগত আগ্রহ বলতে কী বোঝায়?

(জ) মানবদেহের অন্তঃক্ষরা গ্রন্থিগুলোর নাম লিখুন।

(ঝ) Hetero-sexual সম্পর্ক বলতে কী বোঝায়?

(ঞ) সামাজিক মিথস্ক্রিয়া ব্যাখ্যা করুন।

২। (ক) মধ্য শৈশবের বৈশিষ্ট্যগুলো ব্যাখ্যা করুন। ৪

(খ) মধ্য শৈশবে শিশুর ব্যক্তিত্বের বিকাশে পরিবারের ভূমিকা ব্যাখ্যা করুন। ৪

৩। (ক) শিশুর ভাষার ক্রমবিকাশের স্তর বর্ণনা করুন। ৪

(খ) শিশুর ভাষার বিকাশে প্রভাব বিস্তারকারী বিষয়সমূহ উল্লেখপূর্বক পিতা-মাতা ও শিক্ষকের ভূমিকা ব্যাখ্যা করুন। ৪

৪। (ক) পেশী সঞ্চালন দক্ষতা কী? শিশুর পেশী সঞ্চালনে নৈপুণ্য অর্জনে শিক্ষক হিসাবে আপনি কীভাবে সহায়তা করবেন? ৪

(খ) ব্যক্তিত্ব কী? শিশুর ব্যক্তিত্ব বিকাশে পরিবেশের ভূমিকা ব্যাখ্যা করুন। ৪

৫। (ক) শূন্য থেকে ২ বছর বয়স পর্যন্ত শিশুর শারীরিক বৃদ্ধি বিশ্লেষণ করুন। ৪

(খ) ২ থেকে ৫ বছর বয়স পর্যন্ত শিশুর ব্যক্তিত্ব বিকাশে পরিবারের ভূমিকা ব্যাখ্যা করুন। ৪

৬। (ক) আন্তঃব্যক্তিক সম্পর্ক বলতে কী বোঝায়? ৩

(খ) শিশুর সামাজিক অভিযোজনের ক্ষেত্রে সাংস্কৃতিক উপাদানের প্রভাব বিশ্লেষণ করুন। ৫

৭। (ক) বয়ঃসন্ধিকালের কিশোর-কিশোরীদের পরিবর্তনসমূহ চিহ্নিত করুন। ৪

(খ) বয়ঃসন্ধিকালের শিক্ষার্থীদের বিশেষ চাহিদা পূরণে শিক্ষক হিসাবে আপনার ভূমিকা চিহ্নিত করুন। ৪

৮। (ক) কিশোর অপরাধ কী? কিশোর অপরাধ প্রবণতার কারণ উল্লেখ করুন। ৪

(খ) শিশু-কিশোরদের নৈতিকতা বিকাশে পরিবার ও বিদ্যালয়ের ভূমিকা নিরূপণ করুন। ৪

# এম.এড প্রথম সিমেস্টার পরীক্ষা, ২০২১

## Research in Education (Compulsory)

**বিষয় কোড : 810303**

**পরীক্ষা কোড : 8772**

সময়—৩ ঘণ্টা

পূর্ণমান—৬০

[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ১নং প্রশ্নসহ যে কোনো **ছয়টি** প্রশ্নের উত্তর দিন। একই প্রশ্নের বিভিন্ন অংশের উত্তর পর পর লিখুন।]

নম্বর

১। সংক্ষেপে উত্তর লিখুন : ২×১০=২০

(ক) শিক্ষা গবেষণার উদ্দেশ্য লিখুন।

(খ) সমগ্রক বলতে কী বুঝায়?

(গ) গবেষণায় উদ্ধৃতি (Citation) ব্যবহারের আবশ্যকতা কী?

(ঘ) সমস্যা নির্বাচনের চারটি মূলনীতি লিখুন।

(ঙ) সম্ভাবনা নমুনায়ন কী?

(চ) স্তরিত নমুনায়নের চারটি বৈশিষ্ট্য লিখুন।

(ছ) প্রাইমারি ড্যাটা কী তা উদাহরণসহ লিখুন।

(জ) উপাত্ত (data) ও তথ্য (information)-এর মধ্যে পার্থক্য কী?

(ঝ) গবেষণায় সাহিত্য পর্যালোচনা কেন করতে হয়?

(ঞ) উপাত্ত প্রতিবর্তীকরণ (data transcribing) কী?

২। (ক) বর্ণনামূলক গবেষণা বলতে কী বুঝায়? ২

(খ) শিক্ষা গবেষণা পরিচালনায় বর্ণনামূলক গবেষণার ব্যবহার উদাহরণসহ ব্যাখ্যা করুন। ৬

৩। (ক) গুণগত গবেষণা ও পরিমাণগত গবেষণা বলতে কী বুঝায়? ২

(খ) "শিক্ষা ক্ষেত্রে মিশ্র গবেষণা পদ্ধতির ব্যবহার অধিক যুক্তিযুক্ত"—আপনার মতামত দিন। ৬

৪। (ক) কোন ধরনের গবেষণাকে সামাজিক গবেষণা বলা হয়? ২

(খ) সামাজিক বিজ্ঞান গবেষণার বৈশিষ্ট্যগুলো ব্যাখ্যা করুন। ৬

৫। (ক) গবেষণা পদ্ধতি কী? ২

(খ) শিক্ষায় পরীক্ষামূলক গবেষণার উদ্দেশ্য উদাহরণসহ ব্যাখ্যা করুন। ৬

৬। (ক) গবেষণা উপকরণ বলতে কী বুঝেন? ২

(খ) "গবেষণায় প্রশ্নমালা সর্বাধিক ব্যবহৃত উপকরণ"—মতামত দিন। ৬

[পর পৃষ্ঠা দ্রষ্টব্য

নম্বর

৭। (ক) উপাত্ত প্রক্রিয়াকরণ (data processing) কী? ২

(খ) প্রক্রিয়জাতকৃত উপাত্ত থেকে কীভাবে ফলাফল বের করতে হয়? ৬

৮। (ক) অনুবন্ধ সহগ বলতে কী বুঝেন? ২

(খ) নিচের তথ্য থেকে অনুবন্ধ সহগ নির্ণয় করে ফলাফল ব্যাখ্যা করুন। ৬

| শিক্ষার্থী→ বিষয় ↓ | ক | খ | গ | ঘ | ঙ | চ | ছ | জ | ঝ | ঞ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| বাংলা | ৮৫ | ৬৯ | ৮৮ | ৮৫ | ৭২ | ৮৬ | ৯২ | ৬৯ | ৭৭ | ৬৫ |
| ইংরেজি | ৮১ | ৭২ | ৭৯ | ৭৯ | ৭৭ | ৭৮ | ৯৭ | ৭৬ | ৮২ | ৭২ |

এম. এড প্রথম সিমেস্টার পরীক্ষা, ২০২১

**Social Science Curriculum and Instructional Materials**

বিষয় কোড : 810319

পরীক্ষা কোড : 8772

সময়—৩ ঘণ্টা

পূর্ণমান—৬০

[দ্রষ্টব্য : ডানপাশে সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ১নং প্রশ্নসহ যে কোনো **ছয়টি** প্রশ্নের উত্তর দিন। একই প্রশ্নের বিভিন্ন অংশের উত্তর ধারাবাহিকভাবে লিখুন।]

নম্বর

১। (ক) সামাজিক বিজ্ঞান শিক্ষাক্রম কী? ২×১০=২০

(খ) মাল্টিফ্যাক্ট (বহুমুখী) শিক্ষাক্রমের চারটি বৈশিষ্ট্য লিখুন।

(গ) প্রাক-প্রাথমিক স্তরে সামাজিক বিজ্ঞান শিক্ষাক্রম প্রণয়নের ক্ষেত্রে বিবেচ্য বিষয়গুলো কী?

(ঘ) নির্দেশনা সামগ্রী কী?

(ঙ) শিক্ষার্থীদের মধ্যে ইতিবাচক পরিবর্তনের জন্য সামাজিক বিজ্ঞানের শিক্ষক কোন দিকগুলো মূল্যায়নের আওতায় আনবেন?

(চ) সামাজিক বিজ্ঞান শিক্ষাক্রম উন্নয়নের জন্য চারটি সুপারিশ লিখুন।

(ছ) বাংলাদেশে উচ্চ শিক্ষাক্ষেত্রে সামাজিক বিজ্ঞান শিক্ষাক্রম বিকাশের চারটি ক্ষেত্র উল্লেখ করুন।

(জ) সামাজিক বিজ্ঞানে ব্যবহার-উপযোগী শিক্ষা উপকরণের একটি তালিকা প্রস্তুত করুন।

(ঝ) ভারতীয় উপমহাদেশে শিক্ষাব্যবস্থার চারটি ইতিবাচক দিক উল্লেখ করুন।

(ঞ) শিশু-বান্ধব সামাজিক বিজ্ঞান শিক্ষাক্রমের বিবেচ্য দিকসমূহ কী কী?

২। (ক) সমন্বিত শিক্ষাক্রম কী? এর বৈশিষ্ট্যসমূহ বর্ণনা করুন। ৪

(খ) বাংলাদেশের মাধ্যমিক স্তরের সামাজিক বিজ্ঞান শিক্ষাক্রমের লক্ষ্য ও উদ্দেশ্য লিখুন। ৪

৩। (ক) জাতীয় শিক্ষানীতি ২০১০-এর সামাজিক বিজ্ঞান শিক্ষার অবস্থান তুলে ধরুন। ৪

(খ) প্রাথমিক স্তরের সামাজিক বিজ্ঞান শিক্ষাক্রমের জন্য চিহ্নিত ছয়টি প্রান্তিক যোগ্যতা উল্লেখ করুন। ৪

৪। (ক) যোগ্যতাভিত্তিক শিক্ষাক্রম প্রণয়নের যৌক্তিকতা ব্যাখ্যা করুন। ৪

(খ) বাংলাদেশে প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গি পরিবর্তনে সামাজিক বিজ্ঞান শিক্ষাক্রম কী ভূমিকা পালন করছে যুক্তিসহ বর্ণনা করুন। ৪

৫। (ক) মাধ্যমিক পর্যায়ের (৮ম শ্রেণি) বাংলাদেশ ও বিশ্ব পরিচয় শিক্ষাক্রমের আটটি উদ্দেশ্য লিখুন। ৪

(খ) 'স্বাধীন বাংলাদেশ' অধ্যায় থেকে নবম শ্রেণির চারটি করে বুদ্ধিবৃত্তিক ও মনোপেশীজ শিখনফল লিখুন। ৪

[পর পৃষ্ঠা দ্রষ্টব্য

৬। (ক) বর্তমানে মাধ্যমিক স্তরের সামাজিক বিজ্ঞান শিক্ষাক্রমের সবল ও দুর্বল দিকসমূহ তুলে ধরুন। ৪

(খ) বাংলাদেশে প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের সামাজিক বিজ্ঞান শিক্ষাক্রমের তুলনা করুন। ৪

৭। (ক) "বাংলাদেশে সামাজিক সমস্যা নিরসনে সামাজিক বিজ্ঞান শিক্ষাক্রম অপরিহার্য।" —ব্যাখ্যা করুন। ৪

(খ) সামাজিক বিজ্ঞান শিক্ষাক্রম মানব সম্পদ উন্নয়নে কীরূপ ভূমিকা পালন করছে তা মূল্যায়ন করুন। ৪

৮। (ক) লর্ড কার্জনের শিক্ষা সংস্কারের গুরুত্ব সংক্ষেপে বর্ণনা করুন। ৪

(খ) শিক্ষার্থীর মূল্যবোধ গঠনে সামাজিক বিজ্ঞান পাঠের গুরুত্ব ব্যাখ্যা করুন। ৪

এম. এড প্রথম সিমেস্টার পরীক্ষা, ২০২১

## Social Science Curriculum and Instructional Materials

বিষয় কোড : 810319

পরীক্ষা কোড : 8772

সময়—৩ ঘণ্টা

পূর্ণমান—৬০

[দ্রষ্টব্য : ডানপাশে সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ১নং প্রশ্নসহ যে কোনো **ছয়টি** প্রশ্নের উত্তর দিন। একই প্রশ্নের বিভিন্ন অংশের উত্তর ধারাবাহিকভাবে লিখুন।]

নম্বর

১। (ক) সামাজিক বিজ্ঞান শিক্ষাক্রম কী? ২×১০=২০

(খ) মাল্টিফ্যাক্ট (বহুমুখী) শিক্ষাক্রমের চারটি বৈশিষ্ট্য লিখুন।

(গ) প্রাক-প্রাথমিক স্তরে সামাজিক বিজ্ঞান শিক্ষাক্রম প্রণয়নের ক্ষেত্রে বিবেচ্য বিষয়গুলো কী?

(ঘ) নির্দেশনা সামগ্রী কী?

(ঙ) শিক্ষার্থীদের মধ্যে ইতিবাচক পরিবর্তনের জন্য সামাজিক বিজ্ঞানের শিক্ষক কোন দিকগুলো মূল্যায়নের আওতায় আনবেন?

(চ) সামাজিক বিজ্ঞান শিক্ষাক্রম উন্নয়নের জন্য চারটি সুপারিশ লিখুন।

(ছ) বাংলাদেশে উচ্চ শিক্ষাক্ষেত্রে সামাজিক বিজ্ঞান শিক্ষাক্রম বিকাশের চারটি ক্ষেত্র উল্লেখ করুন।

(জ) সামাজিক বিজ্ঞানে ব্যবহার-উপযোগী শিক্ষা উপকরণের একটি তালিকা প্রস্তুত করুন।

(ঝ) ভারতীয় উপমহাদেশে শিক্ষাব্যবস্থার চারটি ইতিবাচক দিক উল্লেখ করুন।

(ঞ) শিশু-বান্ধব সামাজিক বিজ্ঞান শিক্ষাক্রমের বিবেচ্য দিকসমূহ কী কী?

২। (ক) সমন্বিত শিক্ষাক্রম কী? এর বৈশিষ্ট্যসমূহ বর্ণনা করুন। ৪

(খ) বাংলাদেশের মাধ্যমিক স্তরের সামাজিক বিজ্ঞান শিক্ষাক্রমের লক্ষ্য ও উদ্দেশ্য লিখুন। ৪

৩। (ক) জাতীয় শিক্ষানীতি ২০১০-এর সামাজিক বিজ্ঞান শিক্ষার অবস্থান তুলে ধরুন। ৪

(খ) প্রাথমিক স্তরের সামাজিক বিজ্ঞান শিক্ষাক্রমের জন্য চিহ্নিত ছয়টি প্রান্তিক যোগ্যতা উল্লেখ করুন। ৪

৪। (ক) যোগ্যতাভিত্তিক শিক্ষাক্রম প্রণয়নের যৌক্তিকতা ব্যাখ্যা করুন। ৪

(খ) বাংলাদেশে প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গি পরিবর্তনে সামাজিক বিজ্ঞান শিক্ষাক্রম কী ভূমিকা পালন করছে যুক্তিসহ বর্ণনা করুন। ৪

৫। (ক) মাধ্যমিক পর্যায়ের (৮ম শ্রেণি) বাংলাদেশ ও বিশ্ব পরিচয় শিক্ষাক্রমের আটটি উদ্দেশ্য লিখুন। ৪

(খ) 'স্বাধীন বাংলাদেশ' অধ্যায় থেকে নবম শ্রেণির চারটি করে বুদ্ধিবৃত্তিক ও মনোপেশীজ শিখনফল লিখুন। ৪

[পর পৃষ্ঠা দ্রষ্টব্য

৬। (ক) বর্তমানে মাধ্যমিক স্তরের সামাজিক বিজ্ঞান শিক্ষাক্রমের সবল ও দুর্বল দিকসমূহ তুলে ধরুন। ৪

(খ) বাংলাদেশে প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের সামাজিক বিজ্ঞান শিক্ষাক্রমের তুলনা করুন। ৪

৭। (ক) "বাংলাদেশে সামাজিক সমস্যা নিরসনে সামাজিক বিজ্ঞান শিক্ষাক্রম অপরিহার্য।" —ব্যাখ্যা করুন। ৪

(খ) সামাজিক বিজ্ঞান শিক্ষাক্রম মানব সম্পদ উন্নয়নে কীরূপ ভূমিকা পালন করছে তা মূল্যায়ন করুন। ৪

৮। (ক) লর্ড কার্জনের শিক্ষা সংস্কারের গুরুত্ব সংক্ষেপে বর্ণনা করুন। ৪

(খ) শিক্ষার্থীর মূল্যবোধ গঠনে সামাজিক বিজ্ঞান পাঠের গুরুত্ব ব্যাখ্যা করুন। ৪